

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ মার্চ ২০২২

একুশে বইমেলায় আজাদী সম্পাদক মালেক
নতুন প্রজন্মকে বেশি বেশি বই পড়ে
জ্ঞান অর্জন করতে হবে

একুশে পদকপ্রাপ্ত আজাদী সম্পাদক এম এ মালেক বলেছেন, এই পৃথিবীতে আমরা সবাই পথিক, হাতে গোনা কয়েকজন শুধু পথিকৃত। এই পথিকৃতদের অনুসরণ করতে পারলেই পরিবার সমাজ ও দেশ সমৃদ্ধি লাভ করবে। তিন ভালো লেখকদের ভূর্তকী দেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান। তিনি আরো বলেন, ভাষা আন্দোলনে একুশের প্রথম কবিতা কাঁদতে আসি নি ফাঁসির দাবী নিয়ে এসেছি সাথে দৈনিক আজাদীর নিবিড় সম্পর্ক ছিল বলে তৎকালীন শাসকগোষ্ঠী দৈনিক আজাদীর কোহিনুর প্রেসে তালা লাগিয়ে প্রেস ম্যানেজার দবীরকে গ্রেফতার করেছিল। প্রসঙ্গ ক্রমে তিনি আরো বলেন, দৈনিক আজাদী কোন সময় জাতীয় পত্রিকা হবে না আঞ্চলিক পত্রিকা হিসাবে থাকবে। এটিই চট্টগ্রামের প্রতি আমাদের ভালোবাসা। তিনি নতুন প্রজন্মকে বেশি বেশি বই পড়ে জ্ঞান অর্জন করার আহবান জানান। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগিতায় বঙ্গবন্ধুকে নিবেদিত একুশে বই মেলায় আজ বিকেলে ছড়া উৎসবে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত কবি রাশেদ রউফের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বই মেলার আহবায়ক ওয়ার্ড কাউন্সিলর ড. নিছার উদ্দীন আহমদ মনজু। প্রধান বক্তা বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত ছড়াকার ও শিশু সাহিত্যিক আনজির লিটন। আলোচক ছিলেন অধ্যাপক সঞ্জীব বড়ুয়া, অরুণ শীল প্রমুখ। প্রধান বক্তা আনজির লিটন বলেন।

প্রধান বক্তা আনজির লিটন বলেন, ছড়া শুধু লোক ভোলানো-শিশুদের জন্য নয়। ছড়া সমাজ-রাস্ট্র ক্ষমতা বদলের হাতিয়ার হিসেবেও কাজ করে এবং ছড়ার আলোয় অন্ধকার দূর করে সেখানে আগামী সুন্দরের বন্দনা করতে হবে। আগামীকাল ১০ মার্চ বিকেল ৪টায় বইমেলায় সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ। সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩